

পরীক্ষা

এইচএসসি ও সমমানের পরীক্ষা ১৭ আগস্ট শুরু

বিশেষ প্রতিবেদক ঢাকা



এ বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষা আগামী ১৭ আগস্ট থেকে শুরু হবে। আজ বৃহস্পতিবার এই পরীক্ষার সময়সূচি প্রকাশ করা হয়েছে।

ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান কুমার সরকার আজ প্রথম আলোকে এই তথ্য জানিয়েছেন। ১৭ আগস্ট থেকে এই পরীক্ষা শুরুর জন্য শিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠিয়েছিল শিক্ষা বোর্ড।

এর কিছুদিন আগে এই পরীক্ষার বিষয়ে শিক্ষামন্ত্রী দীপু মনি বলেছিলেন, তিনি আশা করছেন, আগস্টের মাঝামাঝিতে এই পরীক্ষা নিতে পারবেন।

ঢাকা শিক্ষা বোর্ডের উচ্চপর্যায়ের কর্মকর্তারা প্রথম আলোকে জানিয়েছিলেন, আগামী জুলাইয়ের দ্বিতীয় সপ্তাহে এ বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা নেওয়ার পরিকল্পনা করা হয়েছিল। কিন্তু এই সিদ্ধান্ত থেকে সরে এসেছেন তাঁরা। জুলাইয়ে এইচএসসি পরীক্ষা নেওয়ার পরিকল্পনা নিয়ে আপত্তি ওঠে। কারণ, সেটি হলে পরীক্ষার্থীদের উচ্চমাধ্যমিক ক্লাস শুরুর পর এক বছর তিন মাসেই (১৫ মাস) এই পরীক্ষায় বসতে হতো। অর্থাৎ উচ্চমাধ্যমিকের শিক্ষাবর্ষ দুই বছরে।

তাড়াভড়া করে পরীক্ষা নেওয়ার পরিকল্পনায় শিক্ষার্থীরা পড়ার চাপে পড়ছেন বলে জানিয়েছিলেন শিক্ষাবিদ ও অভিভাবকেরা। এতে শিখন ঘাটতি থেকে যাওয়ার আশঙ্কা ছিল। আবার জুলাইয়ে পরীক্ষা হলে এসব শিক্ষার্থীর বিশ্ববিদ্যালয় পর্যায়ের ভর্তি পরীক্ষা হবে আগামী বছরের এপ্রিল থেকে জুন-জুলাইয়ে। ফলে দীর্ঘ সময়জুড়ে তাঁদের কোচিং করতে হবে। যার খরচের বোৰা পড়বে অভিভাবকদের ঘাড়ে। তাই প্রশ্ন ওঠে উচ্চশিক্ষার ভর্তির সঙ্গে সমন্বয় না করে শুধু এইচএসসি পরীক্ষা আগে আগে নিয়ে কী লাভ?

এ নিয়ে তখন প্রথম আলোসহ বিভিন্ন গণমাধ্যমে খবর হওয়ার পর বিষয়টি পুনর্বিবেচনা করে শিক্ষা বোর্ডগুলো।





---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো